দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUN 7 1999
পৃঃ ৬ কলাম ৭

193

## শিক্ষক সমিতি ফেডারেশনের ১৫ দফা প্রধানমন্ত্রী শিক্ষামন্ত্রী জাতীয় সংসদের সদস্যদের হাতে পৌঁছে দেয়া হবে ঃ ২২ জুলাই ঢাকায় ফেডারেশনের প্রতিনিধি সভা

ঢাকা, ০৬ জুন, '৯৯। সরকারী বেসরকারী স্কুল ও কলেজ শিক্ষকদের প্রতিনিধিত্বকারী ৪টি শিক্ষক সংগঠন সমন্বয়ে গঠিত বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন জাতীয় সংসদের চলমান বাজেট অধিবেশনে প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীসহ দলমত নির্বিশেষে সকল সংসদ সদস্যের হাতে শিক্ষার উন্নয়নকল্পে ফেডারেশনের ১৫ দফা পৌঁছে দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। উল্লেখ্য, গত ২৪ মে ঢাকায় জাতীয় প্রেস ক্লাবে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে উক্ত ১৫ দফা পেশ করা হয় যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বেসরকারী স্কুল, কলেজ শিক্ষক কর্মচারীদের মূল বেতন ৮০% থেকে ১০০% উন্নীতকরণ, রাজস্ব ও উন্নয়ন উভয় খাতে শিক্ষার জন্য বরাদ্দকৃত অর্থ ছাত্র সংখ্যা অনুপাতে বন্টন, শিক্ষা প্রতিষ্ঠানের ভূমি উন্নয়ন কর প্রমার্জন, ৯৫ সালে জমিরুদ্দিন সরকারের আমলের শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো প্রত্যাহার, মৃত ও অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মচারীদেরকে কল্যাণ ট্রাস্টের আওতায় প্রাপ্য আর্থিক সুবিধাদি প্রদান, বেসরকারী স্কুল ও কলেজ শিক্ষকদের পদোন্নতি ও প্রবৃদ্ধি প্রদান, জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের নন ক্যাডার করার ষড়যন্ত্র প্রতিহত করে তাদের পদোন্নতি সংক্রান্ত জটিলতা নিরসন, মাধ্যমিক শিক্ষার জন্য পৃথক অধিদপ্তর সৃষ্টি, প্রভাব ও দুর্নীতিমুক্ত নিয়োগ নিশ্চিত করার লক্ষ্যে বেসরকারী স্কুল ও কলেজ শিক্ষকদের জন্য পৃথক পাবলিক সার্ভিস কমিশন গঠন, দুর্নীতিমুক্ত পাবলিক পরীক্ষা অনুষ্ঠানের পন্থা নিরূপণ, শিক্ষকদের অধিকার ও মর্যাদা সংক্রান্ত ইউনেস্কো-আইএলও সুপারিশমালার বাস্তবায়ন ইত্যাদি।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এ, কে, এম জহিরুল ইসলাম, বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়া; বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মোঃ তোহা সংবাদপত্রে প্রদত্ত বিবৃতিতে আগামী ২২ জুলাই বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ঢাকায় অনুষ্ঠিতব্য প্রতিনিধি সমাবেশে যোগ দানের জন্য সংশ্লিষ্ট সরকারী বেসরকারী স্কুল ও কলেজ শিক্ষকদের প্রতি আবেদন জানিয়ে ১৫ দফা বাস্তবায়নের লক্ষ্যে ফেডারেশনের ঘোষিতব্য সকল কর্মসূচী পালন পূর্বক মহল বিশেষের আপোষকামিতা ও হঠকারিতা উভয় চরম পন্থার প্রতি সতর্ক দৃষ্টি রাখার জন্য উদাত্ত আহবান জানিয়েছেন।